

- (ঈ) প্রতিটি নমুনা সংগ্রহের ক্ষেত্রে Fuel Charging ও Non-Charging সময় পর্যন্ত নমুনা সংগ্রহ করিতে হইবে।

ফিউজিটিভ নিঃসরণ (Fugitive Emissions)

উৎস	স্থিতিমাপ	$\mu\text{g}/\text{Nm}^3$ এককে উপস্থিতিসীমা
চিমনী (Stake) চুল্লী (Furnace) সেকশন	Suspended Particulate Matter (SPM)	৫০০

নমুনা সংগ্রহের পদ্ধতি:

- (অ) এই উপস্থিতিসীমা ১ জুলাই ২০১৪ সনের পূর্বে স্থাপিত টানেল ও Hybrid Hoffman Kiln (HHK) পদ্ধতির ইটভাটার ক্ষেত্রে প্রযোজ্য হইবে।
- (আ) High Volume বা Repairable Type Sampler অথবা পরিবেশ অধিদপ্তর কর্তৃক অনুমোদিত অন্য কোনো পদ্ধতিতে কমপক্ষে ৮ ঘণ্টার সময় পর্যন্ত বাতাসের ভাটিতে (Down wind direction) এবং উজানে (Up wind direction) নমুনা সংগ্রহ করিতে হইবে।
- (ই) ফিউজিটিভ নিঃসরণ (Fugitive Emissions) পরিমাপের লক্ষ্যে নিঃসরণের উৎস হইতে ১০ মিটার দূরত্বে নমুনা সংগ্রহ করিতে হইবে।

নোটঃ

- ১। নূতনভাবে স্থাপিত সকল প্রকার ইটভাটার একক চিমনি বা স্টেক (Stake) এর মাধ্যমে নিঃসরণ পদ্ধতি/প্রযুক্তি ব্যবহার করিতে হইবে। অবস্থানগত ছাড়পত্র অনুমোদনের সময় এই বিষয়টি নিশ্চিত করিতে হইবে।
- ২। ইটভাটায় হাই-ড্রাফট (High Draft) ফ্যানযুক্ত কমপক্ষে ৫০ মিলিমিটার গভীরতার পানি ভর্তি নালার ভিতর দিয়া ফ্লু-গ্যাস (Flue gas) প্রবাহিত করিতে হইবে।
- ৩। ইট ভাটা সৃষ্ট বায়ু দূষণের সমন্বিত প্রভাব (Cumulative impact) সহনীয় মাত্রায় রাখিবার লক্ষ্যে নূতনভাবে ইটভাটা স্থাপনের ক্ষেত্রে ১ জুলাই ২০১৪ সনের পূর্বে স্থাপিত ইটভাটা হইতে নূতন ইটভাটার দূরত্ব কমপক্ষে ০১ (এক) কিলোমিটার হইতে হইবে।
- ৪। ইট বা ইটভাটার কাঁচামাল পরিবহনের সময় ট্রাক পুরোপুরি ঢাকিয়া পরিবহন করিতে হইবে।
- ৫। ইটভাটায় সৃষ্ট ছাই সম্পূর্ণভাবে ইট প্রস্তুতে ব্যবহার করিতে হইবে।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

আবদুল্লাহ আল মোহসীন চৌধুরী
সচিব